ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

13 DECEMBER 2024 7:35 AM IST

==========================================================================

রাজ্যের খাদ্য , অসামরিক সরবরাহ , উপভোক্তা , খনি এবং বরাক উপত্যকা বিভাগের মন্ত্রী কৌশক রাই আজ সকাল ১১টায় শিলচর গান্ধী মেলার মাঠে বাণীকান্ত কাকতি পুরষ্কার স্বরূপ এক হাজার ৮শ ১৪জন ছাত্র-ছাত্রীর মধ্যে স্কুটি , মূখ্যমন্ত্রীর বিশেষ প্রকল্পের অধীনে ২০ হাজার ৬১ জন ছাত্র-ছাত্রীর মধ্যে বাই সাইকেল এবং এক হাজার দুশ ২৯ জন ছাত্র-ছাত্রীর মধ্যে আনন্দরাম বরুয়া পুরষ্কার স্বরূপ ল্যাপটপ প্রদান করবেন ।

এদিকে মন্ত্রী শ্রী রাই আগামীকাল হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে বোয়ালিপারের শশীভূষন ইনস্টিটিউট অব এডুকেশন প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের অনুদান বন্টন করবেন । উল্লেখ্য আনন্দরাম বরুয়া পুরষ্কার হিসেবে হাইলাকান্দি জেলার ৭৫৯ জন ছাত্র-ছাত্রীকে ল্যাপটপ ,বানীকান্ত কাকতি পুরষ্কার হিসেবে ৭৪২ জন ছাত্রীকে স্কুটি ও ৬ হাজার ৭শ ৮০ জন ছাত্রীকে সাইকেল প্রদান করা হবে ।

---

আসাম সরকারের পক্ষ থেকে ছাত্র-ছাত্রীদের জন্য প্রদান করা আনন্দরাম বরুয়া পুরস্কার আজ শ্রীভূমি জেলায় প্রদান করা হবে । শ্রীভূমি শহরের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আজ বেলা ১২টায় ছাত্র-ছাত্রীদের হাতে আনুষ্টানিকভাবে আনন্দরাম বরুয়া পুরস্কার তুলে দেওয়া হবে । অনুষ্টানে রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা , মীন ও পূর্ত ( প্রধান মন্ত্রী গ্রামীন সড়ক যোজনা )বিভাগের মন্ত্রী কৃষ্ণন্দু পাল মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

শ্রীভউমি জেলায় এক হাজার নয়শ ৩০ জনের মধ্যে বানীকান্ত কাকতি পুরস্কার স্বরূপ স্কুটি , ১২ হাজার একশ ১৬ জনের মধ্যে বাইসাইকেল এবং ৮শ ৪৮ জনের মধ্যে আনন্দরাম বরুয়া পুরস্কার হিসেবে ল্যাপটপ প্রদান করা হবে ।

---

এদিকে আগামী সোমবার শ্রীভূমি শহরের নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে রাজ্যের খাদ্য , গণবন্টন ,উপভোক্তা বিষয়ক ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই জেলার মিউচুয়াল ফান্ড ইনস্নেটিভ , রিলিফ ডিবিটি ও সিড ক্যাপিটেলের সুবিধা প্রদান আনুষ্ঠানিকভাবে সূচনা করবেন ।

---

হাইলাকান্দির জেলা আয়ুক্ত নিসর্গ হিভারে গৌতম গতকাল বোয়ালিপারে ধান ক্রয় কেন্দ্রের উদ্ভোধন করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আয়ুক্ত শ্রী হিভারে জেলার কৃষকদেরকে সরকার নির্ধারিত মূল্যে ধান বিক্রয় করার আহ্বান জানান

। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে এবং জেলা কৃষি আধিকারিক বি বি নার্জারি প্রাসংগিক বক্তব্য রাখেন । উল্লেখ্য এবছর ২ হাজার ৩০০ টাকা প্রতি কুইন্টেল মূল্যে ধান ক্রয় করা হচ্ছে । জেলায় মোট ৭ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । বোয়ালিপারের কেন্দ্রটি থেকে ১ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । এই কেন্দ্রটিতে ধান বিক্রয় করতে কৃষকদেরকে নিকটবর্তী কৃষি সম্প্রসারণ কর্মীদের সংগে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আগামীকাল শিলচর বঙ্গভবন প্রেক্ষাগৃহে বিজিৎ কুমার ভট্টাচার্য্য স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছে । স্মারক বক্তৃতায় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য পবিত্র সরকার মুখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন । অনুষ্টানে সাহিত্য পত্রিকার বর্তমান সম্পাদক শিখা ভট্ট াচার্য্যকে সংবর্ধনা জানানো হবে । অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা পাঁচটায় ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে জেলায় আগামী ১৫ই ডিসেম্বর বিজয় দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে সম্প্রতি জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং-এর পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে আগামী ১৫ই ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে আকবরপুর থেকে শুরু হয়ে সুতারকান্দি পর্য্যন্ত এক বিশাল পদযাত্রা অনুষ্ঠিত হবে । পদযাত্রায় ১৫ থেকে ২৯ বছর বয়সের যুবাদের অধিক সংখ্যায় নাম নথিভুক্তির জন্য

mybharat.gov.in পোর্টাল এ গিয়ে নাম নথিভুক্ত করতে হবে। আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি দেব , পুলিশ সুপার পার্থ প্রতিম দাস , সহকারী আয়ুক্ত প্রিয়াঙ্কা ইয়ামনাম , জেলা ক্রিড়া আধিকারীক ঝিমলী বরা প্রমুখ অংশগ্রহন করেন ।

---

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে- সোনাই বিধানসভা কেন্দ্রের খেল মহারণ প্রতিযোগীতা আজ শুরু হচ্ছে এবং আগামী ১৯শে ডিসেম্বর পর্য্যন্ত এই প্রতিযোগীতা সোনাইতে অনুষ্ঠিত হবে । তবে শিলচর বিধানসভা কেন্দ্রের খেল মহারণ প্রতিযোগীতা সাময়িক স্থগিত রাখা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে শিলচর বিধানসভা কেন্দ্রের খেল মহারণ প্রতিযোগিতার নতুন তারিখ পরে জানানো হবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী ১৬ই ডিসেম্বর কাছাড় জেলার ছোট দুধপাতিলের দূর্গাবাড়ীতে বিনামূল্যে চোখের ছানি সনাক্তকরণের এক শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগেও আগামী ১৫ই ডিসেম্বর ধলাই বিধানসভা কেন্দ্রের লায়লাপুরের চান্নিঘাটে অনুরূপ চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---